

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

সব দেশেই এমন কিছু মানুষ জন্মান যাঁদের আমরা চিরকাল মনে রাখি । আমাদের দেশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সেইরকম মানুষ । ১৮২০ খ্রিস্টাব্দে ২৬ সেপ্টেম্বর মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে তিনি জন্মেছিলেন । তাঁর বাবার নাম ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় আর মায়ের নাম ভগবতী দেবী । তিনি গ্রামের পাঠশালার পড়া শেষ করার পর তাঁর বাবা তাঁকে কলকাতায় নিয়ে আসেন । সেখানে খুব কষ্ট করে থেকে তিনি লেখাপড়া চালিয়ে যান । তারপর সংস্কৃত কলেজ থেকে ‘বিদ্যাসাগর’ উপাধি নিয়ে তাঁর শিক্ষাজীবন শেষ করেন । এদেশের ছেলেমেয়েরা যাতে সহজে বাংলা ভাষা লিখতে পারে সেজন্য তিনি ‘বর্ণপরিচয়’ বইটি দুটো ভাগে লেখেন । এদেশের মেয়েদের মধ্যে আজ যে এত লেখাপড়া শেখার আগ্রহ তা শুরু হয়েছিল তাঁরই চেষ্টায় । ১৮৯১ খ্রিস্টাব্দে ২৯ জুলাই ৭১ বছর বয়সে তিনি পরলোক গমন করেন ।